বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ 23 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 2

# শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ রক্ষায় শিক্ষকদের অগ্রণী ভূমিকা নিতে হবেঃ এরশাদ

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ দেশের উজ্জ্বল ভবিষ্যৎ গঠনের বৃহত্তর স্বার্থে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ রক্ষায় সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহবান জানিয়েছেন। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের (বিএফটিএ) জাতীয় নির্বাহী কমিটির চতুর্থ বৈঠকের সমাপনী ভাষণে গতকাল শনিবার রাতে রাষ্ট্রপতি এরশাদ বলেন, এই লক্ষ্য অর্জনে শিক্ষকদের অগ্রণী ভূমিকা নিতে হবে।

ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে

শেষ পৃষ্ঠায় ১ম কলামে


## শিক্ষাঙ্গনে সুষ্ঠু

প্রথম পৃষ্ঠার পর

অনুষ্ঠিত এই বৈঠকে সভাপতিত্ব করেন রাষ্ট্রপতি এরশাদ। তিনি ফেডারেশনের চেয়ারম্যান। উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, ফেডারেশনের ভাইস চেয়ারম্যান কাজী ফারুক আহমেদ, মহাসচিব অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ এবং দপ্তর সম্পাদক অধ্যাপক আসাদুল হকও বৈঠকে বক্তৃতা করেন। শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীও সেখানে উপস্থিত ছিলেন।

পরীক্ষায় নকল সমস্যাসহ দেশের শিক্ষাঙ্গনে বিরাজমান পরিস্থিতির কথা উল্লেখ করে রাষ্ট্রপতি এরশাদ বলেন, যে কোন মূল্যে পরীক্ষায় নকল করা বন্ধ করতে হবে। এ ব্যাপারে প্রাথমিক দায়িত্ব পালন করতে হবে শিক্ষকদের। শিক্ষাকে জাতির মেরুদন্ড হিসেবে উল্লেখ করে তিনি বলেন, জাতির ভবিষ্যৎ একটি সুশিক্ষিত বংশধর গড়ে তোলার উপর নির্ভরশীল, কাজেই আমাদের লক্ষ্য হতে হবে বিশৃংখলা ও সহিংসতা থেকে শিক্ষাঙ্গনকে মুক্ত রাখা।

যে কোন মূল্যে নকল প্রবণতাসহ বিশৃংখলার কারণ অপসারিত করার কথা সুস্পষ্টভাবে উল্লেখ করে রাষ্ট্রপতি এরশাদ বলেন, শিক্ষাঙ্গনে এহেন অবস্থার জন্যে কয়েকটি বিরোধী দলের লক্ষণীয় রাজনীতিদায়ী।



রাষ্ট্রপতি এরশাদ গতকাল শনিবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে, বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের



জাতীয় কার্য নির্বাহী কমিটির চতুর্থ সভায় সভাপতিত্ব করেন